গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০০৩.২৬.১৪৫

তারিখঃ ১৪ শ্রাবণ ১৪৩৩
29-07-2026

বিষয়: ১০০% রপ্তানীমুখী শিল্প কারখানার অনুকূলে সরাসরিপ্রেরিত Textile Machine সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীর জন্য সুপারিশ প্রেরণ প্রসংগে।

সূত্র: মাইগভ এ প্রাপ্ত আবেদন পত্র নং- ৮৪৯, তারিখঃ ২০/০৭/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জিনইউ টেক্সটাইল কোপম্পানি লিমিটেড, অফিস ও কারখানাঃ ফুলবাড়িয়া, পলাশ, নরসিংদী সদর, নরসিংদী নামক কারখানাটি ১০০% রপ্তানীমুখী টেক্সটাইল স্পিনিং” উপ-খাতে রেজিস্ট্রেশন প্রাপ্ত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার নিবন্ধন সংখ্যা-পরিঃ/টেক্সটাইল স্পিনিং ০০০৮২২-২০২৬, তারিখঃ ২৩/০৫/২০২৬ খ্রিঃ। বিদেশী উদ্যোক্তা তাদের কারখানার অনুকূলে বিদেশ থেকে কিছু মেশিনারীজ FREE OF COST এর আওতায় সরাসরি প্রেরণ করেছেন। যা ছাড় করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। উক্ত প্রেরিত Textile Machine সমূহ ছাড় করণের লক্ষ্যে আই, পি জারীর প্রয়োজনীয় সুপারিশ প্রেরণের জন্য কারখানার মালিক পক্ষ বস্ত্র অধিদপ্তরে আবেদন করেছেন। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে সরাসরি প্রেরিত Textile Machine সমূহের ইনভয়েস নং- JR-XY-01/2026, তারিখঃ 30/06/2026 খ্রি:, বিএল নং- SITTAGBG656537, তারিখঃ 03/07/2026 খ্রি:, যার ইনভয়েস মূল্য- 40,000.00 ইউএসডি দাখিল করেছেন। প্রেরিত Textile Machine সমূহকারখানার অবস্থান ফুলবাড়িয়া, পলাশ, নরসিংদী সদর, নরসিংদী এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, উক্ত বস্ত্র শিল্প কারখানার মালিক পক্ষের আবেদনের প্রেক্ষিতে বর্ণিত ডকুমেন্টস এর মাধ্যমে কারখানার নামে সরাসরি প্রেরিত Textile Machine সমূহ খালাস করার লক্ষ্যে কাষ্টমস কর্তৃপক্ষের বিদ্যমান নীতি মালা আমদানি নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে এবং সংশ্লিষ্ট এস.আর.ও মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইম্পোর্ট পারমিট (আই. পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।



২৯-০৭-২০২৬
মোঃ আব্দুস সালাম
উপ-পরিচালক

প্রধাননিয়ন্ত্রক,
আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর,
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০০৩.২৬.১৪৫/১ (৬) তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩ / ২৯ জুলাই ২০২৬

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব),আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
(২) এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার,বস্ত্র অধিদপ্তর
(৩) কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম
(৪) মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
(৫) ব্যবস্থাপনা পরিচালক, জিনইউ টেক্সটাইল কোপম্পানি লিমিটেড, অফিস ও কারখানাঃ ফুলবাড়িয়া, পলাশ, নরসিংদী সদর, নরসিংদী।
(৬) অফিস কপি



মোঃ আব্দুস সালাম, উপ-পরিচালক